



নেতানিয়াহুর কার্যালয়ে ইরানের ক্ষেপণাস্ত্র হামলা



সংগৃহীত ছবি

ইরানের ‘খাইবার’ ক্ষেপণাস্ত্র হামলায় ইসরায়েলের প্রধানমন্ত্রীর কার্যালয় ও বিমানবাহিনীর কমান্ডারের অবস্থান গুরুতরভাবে আঘাতপ্রাপ্ত হয়েছে। এই দাবি করেছে তাসনিম নিউজের বরাত দিয়ে আইআরজিসির জনসংযোগ বিভাগ।

বিবৃতিতে বলা হয়েছে, ইরান এখন পর্যন্ত ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের আঞ্চলিক ঘাঁটিগুলোর বিরুদ্ধে ড্রোন ও ক্ষেপণাস্ত্রের দশ দফা হামলা চালিয়েছে।

ইসরায়েলি সূত্রে জানা গেছে, অধিকৃত বেইত শেমেশে নির্ধারিত সফর বাতিল করেছেন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। তার সর্বশেষ ভিডিও সম্প্রচার হয়েছে কয়েক ঘণ্টা আগে, এরপর থেকে নতুন কোনো ছবি বা ভিডিও প্রকাশিত হয়নি।

হিব্রু ভাষার গণমাধ্যমে নেতানিয়াহুর নিরাপত্তা বা অবস্থান নিয়ে এখনো আনুষ্ঠানিক কোনো তথ্য পাওয়া যায়নি।

LENS ASIA